প্রতিপাদন করা হইয়াছে, তাহাই শ্রীগুরুচরণ সমীপ হইতে অবশ্য শিক্ষণীয় —এই অর্থটিও দেখান হইয়াছে। যথা—

তস্মাৎ সর্ব্বত্মনা রাজন্! হরিঃ সর্ব্বত্র সর্ব্বদা।
শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ স্মর্ত্তব্যো ভগবান্ নৃণাম্॥

২।২।৩৬ শ্লোকে শ্রীপাদ শুকমুনি মহারাজ পরীক্ষিৎকে কহিলেন—হে রাজন্! নিখিল বেদের মুখ্য অভিধেয় শ্রীহরিভক্তি। অতএব, মানবমাত্রের সর্ব্বান্তঃকরণে সর্ব্বত্র এবং সর্ব্বদা ভগবান্ শ্রীহরির কথাই শ্রবণ করা, কীর্ত্তন করা ও স্মরণ করা অবশ্য কর্তব্য।

এই শ্লোকে যুগপৎ "সর্ব্বত্র" ও "সর্ব্বদা"—এই দুইটি পদ উল্লেখ করিয়া শ্রীহরিভক্তিরই অবশ্যকর্ত্তব্যতা প্রতিপাদন করা হইয়াছে। পুনশ্চ, পক্ষান্তরে অন্য অর্থ করিয়া দেখাইতেছেন। অন্বয় ও ব্যতিরেক মুখে 'সদা' পদের অর্থ যোজিত হইয়া যাহার অবশ্যকর্ত্তব্যতা প্রতিপাদন করা হইয়াছেন, তাহাই শ্রীগুরুচরণ-সমীপ হইতে অবশ্য শিক্ষণীয়। এইরূপ অর্থের প্রমাণ যথা—

স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণু বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ।
সর্ব্বে বিধিনিষেধাঃ স্যুরেতয়োরেবকিঙ্করাঃ॥

সর্ব্বদা শ্রীবিষ্ণুকে স্মরণ করা কর্ত্তব্য, কখনও বিস্মরণ হইবে না। নিখিল কর্ত্তব্য-উপদেশ এবং নিষেধ-উপদেশ শ্রীবিষ্ণু স্মরণ ও বিস্মরণেরই কিঙ্কর। অর্থাৎ নিখিল বিধির রাজা শ্রীবিষ্ণুস্মরণ। নিখিল নিষেধের রাজা শ্রীবিষ্ণুর বিস্মরণ। অন্য সকল বিধি নিষেধ এই দুই রাজারই কিঙ্কর অর্থাৎ অনুগত। যেমন রাজার মর্য্যাদা করিলে কিঙ্করগণ আপনিই সন্তুষ্ট হইয়া থাকে, তেমনই রাজবিধি বিষ্ণুস্মরণের মর্য্যাদা রক্ষা করিতে পারিলে তাহার অনুগত নিখিল বিধিরই মর্য্যাদা রক্ষা করা হয়; আবার নিখিল নিষেধ-রাজ্যের রাজা শ্রীবিষ্ণুকে বিস্মরণ না হওয়া-রূপ মর্য্যাদা রক্ষা করিতে পারিলে নিখিল নিষেধ-উপদেশের মর্য্যাদা করা হইয়া থাকে। এই প্রমাণে অন্বয় ও ব্যতিরেক মুখে এবং "সতত" পদ যোজিত করিয়া শ্রীবিষ্ণুভক্তির অবশ্যকর্ত্তব্যতা প্রতিপাদন করা হইয়াছে। পক্ষান্তরে অর্থ করিতেছেন যে—বিধি ও নিষেধ সম্বলিত পদ এবং সর্ব্বত্র এই দুইটি পদে যে কর্ত্তব্য উপদেশে পাওয়া যায়, তাহাই শ্রীগুরুচরণ-সমীপ হইতে অবশ্য শিক্ষণীয়। এইরূপ সাফল্যের দ্বারা অর্থাৎ অন্বয় ব্যতিরেক ও "সদা সর্ব্বত্র" পদ যোজিত ভক্তির অবশ্যকর্ত্তব্যতা বিষয়ে প্রমাণ যথা—